JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক সিটিতে প্রযুক্তি কোম্পানি ইয়েক্সট (YEXT) এর গ্লোবাল হেডকোয়ার্টার বর্ধিত করার ঘোষণা দিয়েছেন

ইয়েক্সট পরবর্তী পাঁচ বছরে 500টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, যা নিউ ইয়র্ক সিটি-ভিত্তিক কর্মী সংখ্যাকে 1,100 জনেরও বেশিতে বৃদ্ধি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ইয়েক্সট নামের একটি আন্তর্জাতিক ডিজিটাল নলেজ ম্যানেজমেন্ট টেকনোলজি কোম্পানির নিউ ইয়র্ক সিটিতে তার হেডকোয়ার্টার বর্ধিত করার ঘোষণা দিয়েছেন, যা পরবর্তী পাঁচ বছরে 500টি বেশি নতুন ভালো মানের কর্মসংস্থান সৃষ্টি করবে। ম্যানহাটানের 61 Ninth Avenue-তে কোম্পানির নতুন 142,500-বর্গ-ফুট হেডকোয়ার্টারে কোম্পানি লক্ষ লক্ষ মার্কিন ডলার বিনিয়োগ করার পরিকল্পনা করছে, যা নিউ ইয়র্ক স্টেটে তাদের কর্মীসংখ্যাকে 1,100 জনেরও বেশিতে বৃদ্ধি করবে।

"ইয়েক্সটের মতো প্রযুক্তি কোম্পানিগুলো নিউ ইয়র্কের শীর্ষ মানের প্রতিভা, শিক্ষাগত প্রতিষ্ঠান এবং সাংস্কৃতিক সম্পদের কারণে পুরো স্টেটে সমৃদ্ধ এবং বৃদ্ধি পাচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক স্টেটে যে কোম্পানিগুলো বিনিয়োগ করে এবং আমাদের নতুনত্বের কেন্দ্রগুলো উন্নতি করতে সাহায্য করে, যা আরও বেশি বিশ্বমানের ব্যবসাগুলোকে আকর্ষণ করবে এবং আমাদের 21 শতাব্দীর অর্থনীতিকে আরও উন্নত করবে, তাদের সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

"ইয়েক্সটের এই বৃদ্ধি এই প্রযুক্তি কোম্পানির অবিরত বৃদ্ধি বজায় রাখবে এবং নিউ ইয়র্ক সিটিতে 500টি নতুন, ভালো মানের কর্মসংস্থান সৃষ্টি করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই উল্লেখযোগ্য বিনিয়োগ স্টেটে কোম্পানির কর্মীসংখ্যাকে 1,000 জনেরও বেশিতে উন্নীত করবে, যা নিউ ইয়র্কের উচ্চ-প্রযুক্তি শিল্পকে আরও উন্নত করছে এবং অর্থনীতিকে শক্তিশালী করছে।"

2006 সালে নিউ ইয়র্ক সিটিতে স্থাপিত, ইয়েক্সট হচ্ছে সার্ভিস (Software as a Service, SaaS) ক্লাউড প্রযুক্তি কোম্পানির একটি সফটওয়্যার যা ডিজিটাল মানচিত্র, অ্যাপ, সার্চ ইঞ্জিন, কন্ঠ সহায়ক এবং ভোক্তাদের আবিষ্কার, সিদ্ধান্ত এবং কর্ম চালনা করে এমন অন্যান্য বুদ্ধিমান সেবা যা ডিজিটাল বিশ্ব জুড়ে থাকে তাতে কোম্পানিদের তাদের ব্র্যান্ড অভিজ্ঞতার উপর নিয়ন্ত্রণ প্রদান করে। ডেলোইট (Deloitte) কর্তৃক ইয়েক্সটকে আমেরিকার সবচেয়ে "দ্রুততম বৃদ্ধি পাওয়া কোম্পানি (Fastest Growing Companies)" এবং ফর্চুন (Fortune) "কাজ করার জন্য শ্রেষ্ঠ জায়গা" (Best Places to Work) হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। ইয়েক্সট বর্তমানে নিউ ইয়র্কে 600

জনসহ বৈশ্বিকভাবে বার্লিন, শিকাগো, ডালাস, জেনেভা, লন্ডন, প্যারিস, সান ফ্রান্সিস্কো, সাংহাই, টোকিও এবং ওয়াশিংটন, ডি.সি. এলাকায় প্রায় 1,000 জন ব্যক্তিদের কর্মরত রাখে।

"ইয়েক্সট দ্য ইয়েক্সট বিল্ডিং (The Yext Building) এবং আমাদের নিজের শহর নিউ ইয়র্কে 500টি নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ ইয়েক্সটকে বৃদ্ধি করার পরিকল্পনাকে উন্মোচিত করতে পেরে অনেক খুশি", **ইয়েক্সটের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হাওয়ার্ড লারম্যান বলেন**। "অতিরিক্ত তথ্যের এই যুগে, যখন এত তথ্য ভুলই হয়ে থাকে, তখন এই সময়ে ইয়েক্সট বিল্ডিং পৃথিবীর কাছে ব্র্যান্ড দ্বারা যাচাই করা উত্তর প্রদান করে গর্বিত। আমরা কলোম্বাস সার্কেল (Columbus Circle) এর একটি কক্ষের তিন জন ব্যক্তি হিসেবে ইয়েক্সট প্রতিষ্ঠা করেছিলাম। এক দশকের পরেও, আমাদের নতুনত্বের পণ্য, বিশ্বমানের দল এবং বিপুল সুযোগ পুরো বিশ্বে দেখা যাচ্ছে। ইয়েক্সট এখনও প্রথম দিনের মতোই রয়েছে। প্রতিদিন আমরা পৃথিবীর নিকট সত্যিটা উপস্থাপন করার জন্য জেগে উঠি।"

ইয়েক্সট তাদের কোম্পানির আর্থিক বিকল্প এবং প্রতিভার প্রয়োজনীয়তা বিশ্লেষণ করার পর তাদের নিজের স্টেট নিউ ইয়র্কে বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। কোম্পানির দ্বারা তৈরি 500টি সফটওয়্যার উন্নয়ন ইঞ্জিনিয়ারিং, গবেষণা ও উন্নয়ন (Research and development, R&D), সেলস ইঞ্জিনিয়ারিং, ব্যবসা উন্নয়ন, মার্কেটিং ও প্রশাসনিক চাকরিকে সহায়তা করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্মক্ষমতা-ভিত্তিক এক্সেলসিওর ট্যাক্স ক্রেডিটে ইয়েক্সটকে 10 বছরের জন্য 6 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব দিয়েছে। ইয়েক্সট যদি পরবর্তী পাঁচ বছরের মধ্যে 500টি কর্মসংস্থান তৈরি করে এবং আরও পাঁচ বছরের জন্য তাদের এই নতুন ও বিদ্যমান নিউ ইয়র্ক সিটি-ভিত্তিক কর্মসংস্থানগুলো বজায় রাখে তাহলেই ইয়েক্সট পূর্ণ উদ্দিপনা অর্জন করতে পারবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ইয়েক্সটের বৃদ্ধি নিউ ইয়র্ক শহরে শত শত উচ্চ মানের, সবচেয়ে আধুনিক প্রযুক্তিগত কর্মসংস্থান সৃষ্টি করবে - যা আমাদের অতি দক্ষ কর্মীসংখ্যাকে প্রতিফলন করছে এবং এম্পায়ার স্টেটকে প্রযুক্তি শিল্পের নেতা হিসেবে বজায় রাখতে সাহায্য করছে।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "ধন্যবাদ, ইয়েক্সট। নিউ ইয়র্কের প্রযুক্তি শিল্পকে শক্তিশালী করার জন্য আমার সেনেট ডিস্ট্রিক্টে 500টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করার জন্য আপনার প্রতিশ্রুতি প্রদানের পাশাপাশি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং গভর্নর কুওমোর প্রচেষ্টাকেও আমি দৃঢ়ভাবে সম্মান করি।"

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট নতুনত্ব, উদ্যোক্তা তৈরি এবং প্রযুক্তি উন্নয়নকে উৎসাহিত করার জন্য কৌশলগত বিনিয়োগ করেছে। পাঁচটি বরো মিলিয়ে আনুমানিক 173,000টি প্রযুক্তিগত চাকরিসহ নিউ ইয়র্ক সিটির প্রারম্ভিক ইকোসিস্টেম পৃথিবীতে #2 স্থান অধিকার করে - যা 2011 সাল থেকে প্রায় 52,000 এর বেশি বৃদ্ধি পেয়েছে। নিউ ইয়র্ক স্টেটে নিজেকে বৃদ্ধি করার ইয়েক্সটের

সিদ্ধান্ত হচ্ছে বিগ অ্যাপল (Big Apple) এর দ্রুত বৃদ্ধি পাওয়া প্রযুক্তি সেক্টরের একটি প্রতীক যা নতুনত্ব অর্থনীতিতে নিউ ইয়র্ককে একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে।

ইয়েক্সট সম্পর্কে

Yext, Inc. (NYSE: ইয়েক্সট) হচ্ছে নেতৃত্বদানকারী ডিজিটাল নলেজ ম্যানেজমেন্ট (Digital Knowledge Management, DKM) প্ল্যাটফর্ম। আমাদের মিশন হচ্ছে ডিজিটাল মানচিত্র, অ্যাপ, সার্চ ইঞ্জিন, কণ্ঠ সহায়ক এবং ভোক্তাদের আবিষ্কার, সিদ্ধান্ত এবং কর্ম চালনা করে এমন অন্যান্য বুদ্ধিমান সেবা যা ডিজিটাল বিশ্ব জুড়ে থাকে তাতে কোম্পানিদের তাদের ব্র্যান্ড অভিজ্ঞতার উপর নিয়ন্ত্রণ প্রদান করা। বর্তমানে হাজারো ব্যবসা তাদের ব্র্যান্ড প্রবৃত্তি, মানুষের চলাচল এবং বিক্রি বৃদ্ধি করার জন্য তাদের ডিজিটাল জ্ঞান পরিচালনা করতে ইয়েক্সট নলেজ ইঞ্জিন (Yext Knowledge Engine) ব্যবহার করে থাকে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন চাকরি এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল এবং বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত সম্প্রদায়কে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও গভর্নর কুওমোর রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" (I LOVE NEW YORK), এই স্টেটের সবচেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD। রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন